BENG/CEU/XII/2024/PB/NV/008

# Pre-Board Examination - 2024-25

## Class - XII

## Sub - Bengali

**SET - A**

Time : 3 Hrs.

Full Marks : 80

The figures in the margin indicates full marks

**I. সঠিক উত্তরটি লেখো:** ১×১০=১০

১। 'নারী' কবিতাটির উৎসগ্রন্থের নাম হল :

ক) সর্বহারা খ) সাম্যবাদী গ) ধূমকেতু ঘ) বিশের বাঁশী

২। 'শুনি টংকার তাহার পিনাকে' — পঙ্‌ক্তিটির রচয়িতা হলেন —

ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) মোহিতলাল মজুমদার

গ) নজরুল ইসলাম ঘ) দিনেশ দাস

৩। 'প্রত্যাহত হবে জানি ঝড়' — বক্তা হল:

ক) প্রতিবেশী খ) অন্ধকারের খনিজ

গ) কাঠুরিয়া ঘ) ভাবী বনস্পতি

৪। 'সমাজনিবদ্ধ না হইলে সামাজিক অত্যাচারের অস্তিত্ব নাই।' - উদ্ধৃতিটির বক্তার নাম:

ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় খ) অন্নদাশঙ্কর রায়

গ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ঘ) জগদীশচন্দ্র বসু

৫। পাশ্চাত্য দেশে জ্ঞানরাজ্যে এখন যা প্রচলন হয়েছে —

ক) সমন্বয় সাধনের খ) ভেদবুদ্ধির

গ) ছায়াযুদ্ধের ঘ) তীব্র প্রতিযোগিতার



https://www.tripuraboard.com

৬। 'সে কী মধুর হাসি' — বক্তা হলেন:

ক) শাহ্‌জি খ) ইন্দ্রনাথ গ) শ্রীকান্ত ঘ) অন্নদাদিদি

৭। 'আমি তো আর নাগা সন্ন্যাসী নই।' — উক্তিটি বক্তার নাম:

ক) বিপিনবাবু খ) শ্যামবাবু

গ) গণ্ডেরিরাম ঘ) অটলবাবু

৮। 'লোকটাও একটা যন্ত্র' — লোকটার নাম হল:

ক) বুলাকি পাগলা খ) গোবিন্দ

গ) পিয়ারা সিং ঘ) বিমল

৯। 'সীতার বনবাস' গ্রন্থটির রচয়িতা হলেন:

ক) মৃত্যুঞ্জয় বিদ্যালংকার খ) রামরাম বসু

গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

১০। 'পথের পাঁচালী'—উপন্যাসটির রচয়িতা হলেন:

ক) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

গ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

ঘ) মানিক বন্দ্যোপাধ্যায়

**II . এক-একটি শব্দে/পূর্ণাঙ্গ বাক্যে নীচের প্রতিটি প্রশ্নের উত্তর দাও:**

**১×১০=১০**

১১। 'ঘুচিয়ে দে, ভাই পুথিপোড়োর কাছে' — 'পুথিপোড়ো' কারা?

১২। 'বাজে ঘন ঘন রণদুন্দুভি' — 'রণদুন্দুভি' বলতে কবি কী বুঝিয়েছেন?



https://www.tripuraboard.com

১৩। 'বিদীর্ণ করেছে মাটি' — কে মাটি বিদীর্ণ করেছে?

১৪। শাহজি ইমামকে কী দিয়ে খোঁচা মেরেছিল?

১৫। 'সেইখানেই পূর্ণচ্ছেদ' — উদ্ধৃতাংশটি কোন্ রচনার অংশ?

১৬। প্রাচীন ভারতের সবুজ কীসের মতো?

১৭। 'শাস্ত্র মিথ্যা হতে পারে না।' — উদ্ধৃতিটি কোন্ রচনা থেকে নেওয়া হয়েছে?

১৮। কার্তিক পূর্ণিমায় কোন্ দেবতার মন্দিরে মেলা বসে?

১৯। কবি জীবনানন্দ দাশের একটি কাব্যগ্রন্থের নাম লেখো।

২০। 'বিসর্জন' নাটকটি কার লেখা?

**III. নীচের প্রশ্নগুলোর উত্তর দাও: (প্রতিটি ২০টি শব্দের মধ্যে)**

২×৫=১০

২১। 'সে যুগ হয়েছে বাসি' — কোন্ যুগ কেন 'বাসি' হয়েছে লেখো।

২২। সকল কথায় কবিকে কেন 'যেন' যোগ করতে হয়?

২৩। শ্যামবাবুর চরিত্রের যে কোনো দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

২৪। রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

২৫। মানিক বন্দ্যোপাধ্যায় রচিত যেকোনো দুটি উপন্যাসের নাম লেখো।

**IV. নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও: (প্রতিটি ৬০টি শব্দের মধ্যে)**

৩×৪=১২

২৬। 'শ্রীশ্রীসিদ্ধেশ্বরী লিমিটেড' গল্পে উল্লিখিত কোম্পানির ডিরেক্টরদের সংক্ষিপ্ত পরিচয় দাও।

২৭। 'অভিশ্রুতি' কাকে বলে উদাহরণসহ সংক্ষেপে বুঝিয়ে দাও।

২৮। উদাহরণসহ 'নাসিক্যীভবন' সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।



https://www.tripuraboard.com

২৯। 'অপিনিহিতি' বলতে কী বোঝ তা উদাহরণসহ লেখো।

V. নীচের প্রশ্নগুলোর উত্তর দাও: (অনাধিক ৮০টি শব্দের মধ্যে)

৪×৭=২৮

৩০। "তবুও লড়াই করে যত আহাম্মক,"

ক) উদ্ধৃতিটি কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে?

খ) কবি কাদের 'আহাম্মক' বলেছেন?

গ) 'আহাম্মকরা' লড়াই করে কেন? ১+১+২=৪

অথবা

"আগামী বসন্তে জেনো মিশে যাব বৃহতের দলে;"

ক) উদ্ধৃতিটির বক্তা কে?

খ) বক্তা কোন্ বিশ্বাসে আগামী বসন্তে বৃহতের দলে মিশে যাবে বলে আশা ব্যক্ত করেছে? ১+৩=৪

৩১। 'তাই জেনে তো বক্ষে পরান নাচে।'

ক) উদ্ধৃত পঙ্‌ক্তিটি কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে?

খ) উদ্ধৃতিটির উৎসগ্রন্থের নাম কী?

গ) কী জেনে কার বক্ষে পরান নাচে লেখো। ১+১+২=৪

অথবা

'ওরি মাঝে আছে নববিধানের আশ্বাস দুর্ধর্ষ।'

ক) উদ্ধৃত অংশটি কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে?

খ) উদ্ধৃতাংশটির তাৎপর্য সংক্ষেপে বিশ্লেষণ করো। ১+৩=৪



https://www.tripuraboard.com

৩২। "আমাদের আগাগোড়া সমস্তই ফাঁকি।"

ক) উদ্ধৃতিটির বক্তা কে?

খ) উদ্ধৃত উক্তির অলোকে বক্তার চারিত্রিক বৈশিষ্ট্যগুলো সংক্ষেপে লেখো।

১+৩=৪

অথবা

'বৈজ্ঞানিককে যেপথ অনুসরণ করতে হয়।'

ক) লেখকের নাম কী?

খ) বৈজ্ঞানিককে কোন্ পথ অনুসরণ করতে হয় লেখো। ২+২=৪

৩৩। 'ভূতকে নিয়ে ঘর করা যায় না।'

ক) উদ্ধৃতিটির বক্তা কে?

খ) ভূতকে নিয়ে ঘর করা যায় না কেন তা লেখকের অনুসরণে সংক্ষেপে ব্যাখ্যা করো। ১+৩=৪

অথবা

'যাহা কিছু উন্নতি ঘটিয়াছে, তাহা বাক্যবলে।'

ক) উদ্ধৃতিটি কোন্ রচনার অন্তর্গত?

খ) কোন্ প্রসঙ্গে লেখক এই কথাটি বলেছেন?

গ) বাক্যবলে কীভাবে কিসের উন্নতি ঘটেছে লেখো। ১+১+২=৪

৩৪। 'তীর্থযাত্রী আকর্ষণ করিবার সর্বপ্রকার উপায়ই অবলম্বিত হইবে।'

ক) উদ্ধৃতিটি কোন্ রচনা থেকে নেওয়া হয়েছে?

খ) তীর্থ যাত্রীদের আকর্ষণ করার জন্য কী ধরণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তা সংক্ষেপে আলোচনা করো। ১+৩=৪



https://www.tripuraboard.com

অথবা

'তোকে সারিয়ে টেনে তুলবই, ভয় নেই,'

ক) উদ্ধৃতিটির বক্তা কে?

খ) বক্তা কাকে সারিয়ে টেনে তোলার কথা বলেছেন?

গ) যার উদ্দেশ্যে বক্তা উক্তিটি করেছেন তাকে সারিয়ে তোলার জন্যে বক্তা কী করেছিল সংক্ষেপে লেখো। ১+১+২=৪

৩৫। তোমার এলাকায় মানুষের পড়াশোনার স্বার্থে একটি সর্বজনীন গ্রন্থাগার স্থাপনের অনুরোধ জানিয়ে সমাজ-শিক্ষা দপ্তরের অধিকর্তার নিকট একটি আবেদনপত্র রচনা করো। ৪

অথবা

তোমার এলাকার যেকোনো বিদ্যালয়ের মাঠে একটি ফুটবল ম্যাচ করার অনুমতি চেয়ে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক/শিক্ষিকার নিকট আবেদনপত্র রচনা করো। https://www.tripuraboard.com ৪

৩৬। তোমার বিদ্যালয়ের সদ্য-সমাপ্ত এন.এস.এস.-এর সাতদিন ব্যাপী বিশেষ প্রশিক্ষণ শিবিরের কর্মকাণ্ড সম্পর্কে একটি সংক্ষিপ্ত প্রতিবেদন রচনা করো। ৪

অথবা

যান দুর্ঘটনা বর্তমানে ভয়াবহ আকার ধারণ করেছে। উক্ত বিষয়ে পত্রিকায় প্রকাশের উপযোগী একটি সংক্ষিপ্ত প্রতিবেদন রচনা করো। ৪

**VI. নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও: (১২০টি শব্দের মধ্যে) ৫×২=১০**

৩৭। বাংলা উপন্যাস রচনায় শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্ব সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ৫



https://www.tripuraboard.com

অথবা

বাংলা কাব্যে রবীন্দ্রনাথ ঠাকুরের কৃতিত্ব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

১৪। উদাহরণসহ স্বরবৃত্ত বা দলবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলো আলোচনা করো। ৫

অথবা

ছন্দলিপি করো: ৫

ভূতের মতন চেহারা যেমন নির্বোধ অতি ঘোর,

যা কিছু হারায় গিন্নি বলেন কেষ্টা বেটাই চোর।

**https://www.tripuraboard.com**
**Whatsapp @ 9300930012**
**Send your old paper & get 10/-**
**अपने पुराने पेपर्स भेजे और 10 रुपये पायें,**
**Paytm or Google Pay से**



https://www.tripuraboard.com